# মূল বইয়ের অতিরিক্ত অংশ

## সপ্তম অধ্যায়: অর্থ ও ব্যাংক ব্যবস্থা

### পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** মুনিয়া গত এক বছর ধরে ১ টাকা, ২ টাকা, ৫ টাকা ও ১০ টাকার নোট ব্যক্তিগত মাটির ব্যাংকে জমা করে। পার্শ্ববর্তী দেশে ভ্রমণের জন্য টাকাগুলো নিয়ে ব্যাংকে রূপান্তর করতে গেলো। কিন্তু ব্যাংক কর্মকর্তা তার কিছু টাকা ফেরত দিলো এবং বাকি টাকার সমপরিমাণ ডলার প্রদান করলো। ◀ *শিখনফল-১*

ক. কাগজি নোট কাকে বলে? ১

খ. স্থায়ী আমানত বলতে কী বোঝায়? ২

গ. মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারলো না, তা কোন প্রকার মুদ্রার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারলো পাঠ্যবইয়ের আলোকে তার প্রকৃতি বিশ্লেষণ করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** যেসব মুদ্রা কাগজ দ্বারা তৈরি করা হয় তাকে কাগজি নোট বলে।

**খ** যে আমানতের অর্থ একটি নির্দিষ্ট সময় অতিবাহিত না হওয়া পর্যন্ত তোলা যায় না তাকে স্থায়ী আমানত বলে।

আমানত নির্দিষ্ট মেয়াদের জন্য করা হয়। যেমন, ৩ মাস, ৬ মাস, ১ বছর, ৩ বছর, ৫ বছর কিংবা ১০ বছর ইত্যাদি। ব্যাংক এ ধরনের আমানতের ওপর অধিক হারে সুদ প্রদান করে থাকে। এ আমানতের অর্থ মেয়াদ শেষ হওয়ার আগেও তোলা যায়। এক্ষেত্রে কিছু বিধি-বিধান থাকে।

**গ** মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারলো না সেগুলো ছিল রূপান্তর অযোগ্য বা সসীম বিহিত মুদ্রা।

কাগজি মুদ্রাকে দুইভাগে ভাগ করা যায়। যথা— ১. রূপান্তরযোগ্য ও ২. রূপান্তর অযোগ্য কাগজি মুদ্রা। রূপান্তর অযোগ্য মুদ্রা বলতে বোঝায়, যে কাগজি নোটের পরিবর্তে সরকারের কাছ থেকে কোনো বৈদেশিক মুদ্রা, সোনা, রুপা পাওয়া যায় না। বাংলাদেশে রূপান্তর অযোগ্য কাগজি নোট হলো ১ টাকা ও ২ টাকার নোট। আমরা জানি, গ্রহণসীমার দিক থেকে বিহিত মুদ্রাকে দু'ভাগে ভাগ করা যায়। এর একটি হচ্ছে অসীম বিহিত মুদ্রা এবং অন্যটি হচ্ছে সসীম বিহিত মুদ্রা। ১ টাকা এবং ২ টাকার মুদ্রা সসীম বিহিত মুদ্রা। কারণ এরূপ মুদ্রা দ্বারা একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত লেনদেন করা যায়। এ মুদ্রা আইনগতভাবে অধিক গ্রহণে কাউকে বাধ্য করা যায় না।

মুনিয়া ১ টাকা এবং ২ টাকার কাগজি মুদ্রা নিয়ে ব্যাংকে যায়। কিন্তু ব্যাংক কর্মকর্তা ১ টাকা ও ২ টাকার মুদ্রাগুলোর বিনিময়ে পার্শ্ববর্তী দেশের মুদ্রা দিতে রাজি হয়নি। এর কারণ ১ টাকা এবং ২ টাকার কাগজি মুদ্রা হলো সসীম বিহিত মুদ্রা। উপরের আলোচনা থেকে বোঝা যায়, ব্যাংক কর্মকর্তার মুনিয়া কাছে পার্শ্ববর্তী দেশের মুদ্রা না দেবার কারণ হচ্ছে, এগুলো রূপান্তর অযোগ্য বা সসীম বিহিত মুদ্রা ছিল।

**ঘ** মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারলো তা হচ্ছে রূপান্তর যোগ্য বা অসীম বিহিত মুদ্রা।

রূপান্তরযোগ্য মুদ্রা হলো এরূপ মুদ্রা যার পরিবর্তে চাওয়ামাত্র সরকার সমমূল্যের বিদেশি মুদ্রা দিতে বাধ্য থাকে। বাংলাদেশে রূপান্তরযোগ্য মুদ্রাগুলো হলো ৫, ১০, ২০, ৫০, ১০০, ৫০০ ও ১০০০ টাকার নোট। এরূপ কাগজের নোটগুলো ইস্যু করার ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠান হলো বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ ব্যাংক সরকারের পক্ষ থেকে এরূপ কাগজের নোট বাজারে ছেড়ে থাকে। প্রায় সকল দেশেই এরূপ মুদ্রা চালু আছে।

মুনিয়া ৫ টাকা ও ১০ টাকার নোটের বিনিময়ে সে ব্যাংক কর্মকর্তার কাছ থেকে পার্শ্ববর্তী দেশের মুদ্রা ক্রয় করতে সমর্থ হয়। এর কারণ অনুসন্ধান করে জানা যায়, ৫ টাকা এবং ১০ টাকার নোট হচ্ছে একাধারে অসীম বিহিত মুদ্রা, আবার রূপান্তরযোগ্য মুদ্রা। এ শ্রেণির মুদ্রা দ্বারা যেকোনো পরিমাণে দেনা পরিশোধ করলে পাওনাদার তা গ্রহণ করতে বাধ্য থাকে।

উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায়, মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারলো সেগুলো ছিল রূপান্তরযোগ্য ও অসীম বিহিত মুদ্রা।

**প্রশ্ন ▶২**

| প্রতিষ্ঠান- X | প্রতিষ্ঠান- Y |
|---|---|
| ১. জনগণকে ঋণ প্রদান করে না | ১. জনগণের অর্থ জমা রাখে |
| ২. অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শদাতা | ২. জনগণকে ঋণ প্রদান করে |

◀ *শিখনফল-৬*

ক. বিহিত অর্থ কী? ১

খ. অর্থকে মূল্যের পরিমাপক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের X প্রতিষ্ঠানটির প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে Y প্রতিষ্ঠানটির ভূমিকা গুরুত্বপূর্ণ— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**২নং প্রশ্নের উত্তর**

**ক** যে অর্থ সরকারি আইন দ্বারা প্রচলিত তাকে বিহিত অর্থ বলে।

**খ** অর্থ বিভিন্ন প্রকার দ্রব্য ও সেবার মূল্যের পরিমাপক হিসেবে কাজ করে। অতীতে দ্রব্য বিনিময় প্রথায় দ্রব্য ও সেবাকর্মের বেচা-কেনার কোনো মানদণ্ড ছিল না। কিন্তু বর্তমানে দ্রব্য ও সেবাকর্মের মূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ মাপকাঠি হিসেবে ব্যবহৃত হচ্ছে। উদাহরণস্বরূপ বলা যায়- একটি বইয়ের দাম ৫০ টাকা। এক্ষেত্রে ৫০ টাকা হলো উক্ত বইটির মূল্যের পরিমাপক।

**গ** 'X' প্রতিষ্ঠানটি হলো কেন্দ্রীয় ব্যাংক।

মুদ্রা বাজারের শীর্ষে থেকে দেশের অর্থ ও ব্যাংক ব্যবস্থাকে নিয়ন্ত্রণ ও পরিচালনা করে যে ব্যাংক তাকে কেন্দ্রীয় ব্যাংক বলে। এর প্রধান বৈশিষ্ট্য হলো এটি সরকার কর্তৃক সর্বোচ্চ ক্ষমতাপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠান। কেন্দ্রীয় ব্যাংক সম্পূর্ণ সরকারি মালিকানা ও নিয়ন্ত্রণাধীনে দেশের মুদ্রা বাজারের অভিভাবক হিসেবে কাজ করে। এ ব্যাংক নোট ও ধাতব মুদ্রা প্রচলন, সরকার ও অন্যান্য ব্যাংকের ব্যাংকার, বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক সৃষ্ট ঋণ নিয়ন্ত্রণ, আন্তঃব্যাংকের দেনা-পাওনার নিষ্পত্তি, অর্থের অভ্যন্তরীণ ও বহির্মূল্যের স্থিতিশীলতা রক্ষা এবং সরকারের আর্থিক উপদেষ্টা হিসেবে কাজ করে।

অন্যান্য ব্যাংকের মতো কেবল মুনাফা অর্জন এ ব্যাংকের উদ্দেশ্য নয়; বরং দেশের উন্নয়নের স্বার্থে মুদ্রা ও ঋণ ব্যবস্থা নিয়ন্ত্রণের মাধ্যমে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা, উন্নয়ন ও জনকল্যাণ সাধন এর মুখ্য উদ্দেশ্য।

কেন্দ্রীয় ব্যাংক একটি জাতীয় প্রতিষ্ঠান, যা প্রতিটি স্বাধীন দেশেই একটি করে থাকে। যেমন— বাংলাদেশের বাংলাদেশ ব্যাংক, আমেরিকার ফেডারেল রিজার্ভ সিস্টেম, ভারতের রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া ইত্যাদি।

**ঘ** 'Y' প্রতিষ্ঠানটি হলো বাণিজ্যিক ব্যাংক। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বাণিজ্যিক ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বাণিজ্যিক ব্যাংক হলো এমন এক ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান, যা জনসাধারণের গচ্ছিত অর্থ জমা রাখে এবং ঋণগ্রহীতাদের বিভিন্ন মেয়াদি ঋণ প্রদান করে। আধুনিক যুগে বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করে।

উদ্দীপকে 'Y' প্রতিষ্ঠানটি দেশের অর্থনৈতিক উন্নয়নে নানাভাবে সহায়তা করছে। ব্যাংকটি নিয়মিত সঞ্চয় সংগ্রহ করে দেশের ব্যবসায়ীদের তা ঋণের মাধ্যমে প্রদান করে ব্যবসা-বাণিজ্য প্রসারে অবদান রাখছে। এতে দেশে যেমন জাতীয় আয় বাড়ছে তেমনি দেশের মানুষেরও ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। ব্যাংকটি বিভিন্ন ক্ষেত্র; যেমন— কৃষি, শিল্প প্রভৃতিতে বিনিয়োগের মাধ্যমে ঐ ক্ষেত্রসমূহের উন্নতিতেও অবদান রাখছে, যা সার্বিকভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করছে।

ব্যবসায়ীদের পক্ষে 'Y' প্রতিষ্ঠানটি অনেক সময় প্রতিনিধি হিসেবে বৈদেশিক লেনদেনে সাহায্য করে। প্রয়োজনীয় তথ্য দানের মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংককে ঋণ নিয়ন্ত্রণে সহায়তা দান ছাড়া মুদ্রামান সংরক্ষণে ব্যাংকটি প্রয়োজনীয় সহযোগিতা করে থাকে। এসব কাজসমূহের মাধ্যমে 'Y' প্রতিষ্ঠানটি সার্বিকভাবে দেশের অর্থনৈতিক উন্নতিতে সহায়তা করছে। পরিশেষে বলা যায় যে, 'Y' প্রতিষ্ঠানটি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সহায়ক।

**প্রশ্ন ▶৩** সফিপুর গ্রামের দুই বন্ধু মামুন ও নাফিজ বিএ পাস করে গ্রামে বসবাস করে। মামুন তার পৈত্রিক সম্পত্তি চাষাবাদের কাজে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য বিশেষ আর্থিক প্রতিষ্ঠান থেকে ৫ লক্ষ টাকা ঋণ নেয়। মামুনের নলকূপের পানি দিয়ে গ্রামের কৃষকরা চাষাবাদ করে অধিক ফসল উৎপাদন করতে পারছে। নাফিজ তার বাড়ি বন্ধক রেখে ব্যাংক থেকে ৩০ লক্ষ টাকা ঋণ (২০ বছরে পরিশোধযোগ্য) নিয়ে একটি পোশাক তৈরির কারখানা দিয়েছে। গ্রামের বেকার যুবকরা নাফিজের কারখানায় কাজ করে দারিদ্র্য বিমোচনে ভূমিকা রাখছে। ◀ *শিখনফল-৭*

ক. ব্যাংকসমূহকে প্রধানত কী কী শ্রেণিতে ভাগ করা যায়? ১
খ. বিহিত মুদ্রা বলতে কী বোঝায়? ২
গ. মামুন যে ব্যাংক থেকে ঋণ নিয়েছে। উক্ত ব্যাংকের কৃষিঋণ কার্যক্রমের মাধ্যমে কৃষির আধুনিকায়ন সম্ভব ব্যাখ্যা করো। ৩
ঘ. নাফিজ যে ব্যাংক থেকে ঋণ নিয়েছে, অর্থনীতিতে উক্ত ব্যাংকটির ভূমিকা গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ করো। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংকসমূহকে প্রধানত কেন্দ্রীয় ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক এবং বিশেষায়িত ব্যাংক এই তিন শ্রেণিতে ভাগ করা যায়।

**খ** যে মুদ্রা দেশের জনসাধারণ গ্রহণ করতে আইনত বাধ্য থাকে তাকে বিহিত মুদ্রা বলে।

বাংলাদেশ সরকার ও সরকারের পক্ষে বাংলাদেশ ব্যাংক যেসব অর্থ প্রচলন করেছে সেগুলো বিহিত মুদ্রা হিসেবে পরিচিত। এসব মুদ্রা বাংলাদেশের নাগরিকগণ গ্রহণ করতে আইনত বাধ্য থাকে। গ্রহণের সীমার দিক থেকে বিহিত মুদ্রাকে আবার দুই ভাগে ভাগ করা যায়। যথা— অসীম বিহিত মুদ্রা এবং সসীম বিহিত মুদ্রা।

**গ** মামুন যে ব্যাংক থেকে ঋণ নিয়েছে তা হলো— 'বাংলাদেশ কৃষি ব্যাংক'। এই ব্যাংকের কৃষিঋণ কার্যক্রমের মাধ্যমে কৃষির আধুনিকায়ন সম্ভব।

কৃষির আধুনিকায়ন বলতে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষির বিভিন্ন ক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতি ও উপকরণের ব্যবহার এবং শস্য প্রক্রিয়াজাতকরণ ও ভূমি সংরক্ষণের জন্য আধুনিক প্রযুক্তি প্রয়োগ করাকে বোঝায়।

কৃষিক্ষেত্রে আধুনিক ও উন্নত বীজ, সার, কীটনাশক প্রভৃতির বিজ্ঞান সম্মত ব্যবহার, পশু ও মনুষ্য শক্তির পরিবর্তে যন্ত্রশক্তির ব্যবহার এবং প্রকৃতির ওপর নির্ভরশীল না থেকে পানি সরবরাহ, শস্য প্রক্রিয়াজাতকরণ, জমির স্থায়ী উন্নয়নের জন্য আধুনিক প্রযুক্তির ব্যবহারের মাধ্যমেই কৃষির আধুনিকায়ন সম্ভব।

বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি উন্নয়ন ও সম্প্রসারণের জন্য কৃষকদের ছোটখাটো প্রয়োজন (সার, বীজ ক্রয়) মেটানোর জন্য স্বল্পমেয়াদি, হালকা কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য মধ্যমেয়াদি এবং জমির স্থায়ী উন্নয়ন ও ভারী কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করে থাকে। কৃষি ব্যাংকের এরূপ ঋণদান প্রক্রিয়ার কারণে কৃষকরা তাদের জমিতে সহজে উন্নত প্রযুক্তি ব্যবহার করতে পারে ফলে কৃষিতে আধুনিকায়ন সহজ হয়।

সুতরাং এ কথা বলা যায় যে, কৃষি ব্যাংকের কৃষিঋণ কার্যক্রমের মাধ্যমে কৃষির আধুনিকায়ন সম্ভব।

**ঘ** উদ্দীপকের নাফিজ যে ব্যাংক থেকে ঋণ নিয়েছে তা হলো বাণিজ্যিক ব্যাংক। অর্থনীতিতে বাণিজ্যিক ব্যাংক বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

বাণিজ্যিক ব্যাংকের প্রথম কাজ হলো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে আমানত সংগ্রহ করা। কারণ এ ব্যাংক মুনাফা অর্জনের লক্ষ্যে আমানতের একটি নির্দিষ্ট অংশ আমানতকারীর চাহিদা মেটানোর জন্য গচ্ছিত রেখে বাকি অর্থ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে স্বল্পমেয়াদের জন্য ঋণ প্রদান করে। উদ্দীপকে নাফিজ তার বাড়ি বন্ধক রেখে ব্যাংক থেকে ৩০ লক্ষ টাকা ২০ বছর পরিসরে পরিশোধযোগ্য ঋণ নিয়ে একটি পোশাক তৈরির কারখানা দিয়েছে।


অর্থনৈতিক উন্নয়নে বাণিজ্যিক ব্যাংক নানাভাবে সাহায্য করছে। এ ব্যাংক নিয়মিত সঞ্চয় সংগ্রহ করে দেশের ব্যবসায়ীদের তা ঋণের মাধ্যমে প্রদান করে দেশের ব্যবসা-বাণিজ্য প্রসারে ব্যাপক অবদান রাখছে। এতে দেশে যেমন জাতীয় আয় বাড়ছে তেমনি দেশের মানুষেরও ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন ক্ষেত্রে যেমন— কৃষি, শিল্প প্রভৃতিতে বিনিয়োগের মাধ্যমে ঐ ক্ষেত্রসমূহের উন্নতিতে অবদান রাখছে; যা সার্বিকভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করছে। এ ব্যাংক প্রয়োজনীয় তথ্য দানের মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংককে ঋণ নিয়ন্ত্রণে সহায়তা করা ছাড়াও মুদ্রামান সংরক্ষণে প্রয়োজনীয় সহায়তা করে থাকে।

পরিশেষে বলা যায়, নাফিজ যে বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়েছে অর্থনীতিতে উক্ত ব্যাংকটির ভূমিকা গুরুত্বপূর্ণ।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶ ৪**




◀ *শিখনফল-৬*

ক. বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ১
খ. বাংলাদেশ কৃষি ব্যাংক দীর্ঘমেয়াদি ঋণ দেয় কেন? ২
গ. উপরের ছকে বাংলাদেশ ব্যাংকের সাথে অপরাপর ব্যাংকের কীরূপ সম্পর্ক খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কোন কাজের দিক থেকে বাণিজ্যিক ব্যাংকের সাথে বাংলাদেশ ব্যাংকের সাদৃশ্য খুঁজে পাও? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

#### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** মুনাফা অর্জনই বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য।

**খ** জমি ও ভারি যন্ত্রপাতি (যেমন— ট্রাক্টর, হারভেস্টর ইত্যাদি) ক্রয়, গভীর নলকূপ স্থাপন, গুদামঘর নির্মাণ, হিমাগার নির্মাণ, পানি সেচের উদ্দেশ্যে খাল খনন, চা বাগানের উন্নয়ন এসব কাজের জন্য কৃষি ব্যাংক কৃষককে দীর্ঘমেয়াদি ঋণ দিয়ে থাকে। এ ঋণ ৫ বছর থেকে ২০ বছরের মধ্যে পরিশোধ করতে হয়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** বাংলাদেশ ব্যাংকের সাথে অন্যান্য ব্যাংকের তুলনা ব্যাখ্যা করো।

**ঘ** বাণিজ্যিক ব্যাংকের সাথে বাংলাদেশ ব্যাংকের সাদৃশ্য আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৫** কামরুল ইসলাম একদিন তার অর্থনীতির শ্রেণি শিক্ষকের কাছ থেকে জানতে পারলো, প্রাচীনকালে অর্থ না থাকায় লেনদেনের ক্ষেত্রে মানুষ নানা রকম অসুবিধা ভোগ করতো। কিন্তু বর্তমান কালে অর্থমূল্যের পরিমাণও গতিশীল হয়েছে; মানুষ বিভিন্ন ধরনের অর্থনৈতিক কাজ নির্বিঘ্নে ও দ্রুত সম্পন্ন করতে পারছে। বাংলাদেশে যেমন; ১ টাকা ২টাকা, ১০০ টাকা ও ৫০০ টাকা নোট। ◀ *শিখনফল-২*

ক. ১০০ টাকার নোট কোন ধরনের মুদ্রা? ১
খ. ধাতব মুদ্রার প্রকারভেদ বর্ণনা করো। ২
গ. উদ্দীপকের আলোকে আধুনিক অর্থনীতিতে অর্থের কার্যাবলি বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের শেষ লাইনে কোন কোন মুদ্রার কথা বলা হয়েছে— পাঠ্য বইয়ের আলোকে শ্রেণিবিন্যাস করে বিশ্লেষণ করো। ৪

#### ৫নং প্রশ্নের উত্তর

**ক** ১০০ টাকার নোট অসীম বিহিত মুদ্রা।

**খ** ধাতব মুদ্রাকে বস্তুগত মূল্যমানের দিক থেকে দুই ভাগে ভাগ করা যায়।

১. **প্রামাণিক মুদ্রা:** প্রামাণিক মুদ্রা বলতে বোঝায়, যে মুদ্রা গলানোর মাধ্যমে ধাতু হিসেবে বিক্রি করলে দৃশ্যমান মূল্যের সমপরিমাণ মূল্য পাওয়া যায়।
২. **প্রতীক মুদ্রা:** প্রতীক মুদ্রা বলতে বোঝায়, যে মুদ্রার ধাতব মূল্য তার দৃশ্যমান মূল্যের চেয়ে কম থাকে। সাধারণত ধাতব মুদ্রা সরকার কর্তৃক প্রচলিত হয়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** আধুনিক অর্থনীতিতে অর্থের কার্যাবলি ব্যাখ্যা করো।

**ঘ** মুদ্রা প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৬** জাহিদ সাহেব একজন শিল্পপতি। শিল্পের প্রয়োজনে তিনি বিভিন্ন পণ্য আমদানি করেন ও তার উৎপাদিত পণ্য রপ্তানি হয়। এক্ষেত্রে তাকে ব্যাংকের সহায়তা নিতে হয় এবং ব্যাংক তার হয়ে বেশ কিছু কাজ করে থাকে। ◀ *শিখনফল-৩*

ক. বিনিময় প্রথা কী? ১
খ. অর্থের কাযাবলি ব্যাখ্যা করো। ২
গ. জাহিদ সাহেবকে সহায়তা প্রদানকারী ব্যাংকের মূল উদ্দেশ্য কী? এ ব্যাংক কীভাবে তার এরূপ উদ্দেশ্য সফল করে? ৩
ঘ. জাহিদ সাহেবকে ব্যবসায়িক কাজে ব্যাংকের যে সকল ক্ষেত্র থেকে সহায়তা গ্রহণ করতে হয় তা উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

#### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** মানুষের এক দ্রব্যের পরিবর্তে অন্য দ্রব্য বিনিময় করে অভাব পূরণ করার ব্যবস্থাকে বিনিময় প্রথা বলে।

**খ** অর্থের কাজ হলো চারটি। যথা: বিনিময়ের মাধ্যম, মূল্যের পরিমাপক, সঞ্চয়ের বাহন ও স্থগিত লেনদেনের মান।

অর্থ বিনিময়ের সবচেয়ে সহজ ও সুবিধাজনক মাধ্যম। আবার অর্থ মূল্যের পরিমাপক হিসেবে কাজ করে। উদাহরণস্বরূপ বলা যায়- একটি বই ক্রয় করতে ৫০ টাকা লাগল। এক্ষেত্রে ৫০ টাকা হলো উক্ত বইটির মূল্যের পরিমাপক। এছাড়া অর্থ সঞ্চয়ের বাহন হিসেবে কাজ করে। সুতরাং অর্থ মূল্য স্থানান্তরের বাহন, তারল্যের মান ও সামাজিক মর্যাদার প্রতীক হিসেবে কাজ করে।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য ব্যাখ্যা করো।

**ঘ** কীভাবে বাণিজ্যিক ব্যাংক ব্যবসায়িক কার্যক্রমে সহযেগিতা করে আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৭** মহাকাল গ্রামের বেকার পুরুষ ও মহিলারা হতাশার মধ্যে দিন কাটাচ্ছিল। একজন মুরুব্বি তাদের ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসা করার পরামর্শ দেন। কিন্তু জামানত রাখার মতো সম্পত্তি তাদের ছিল না, তাই তারা ব্যাংক ঋণ পাচ্ছিল না। এ সময় গ্রামের তরুণ শিক্ষক তাদের জামানতবিহীন ঋণদানকারী একটি প্রতিষ্ঠানের সন্ধান দেন। ◀ *শিখনফল-৭*

ক. অর্থ কীসের পরিমাপক? ১
খ. তারল্যের মান বলতে কী বোঝ? ২
গ. তরুণ শিক্ষক তাদের যে ব্যাংকের সন্ধান দেন সেটির উদ্দেশ্য লেখ। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জামানতবিহীন ব্যাংকটিই কি একমাত্র বিশেষ ঋণদানকারী ব্যাংক? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** অর্থ মূল্যের পরিমাপক।

**খ** বর্তমানে অর্থের বহুবিধ কাজের মধ্যে অন্যতম একটি কাজ হলো তারল্যের মান ঠিক রাখা। অর্থাৎ অর্থ তারল্যের মান হিসেবেও কাজ করে। অর্থের তারল্য যেকোনো বস্তু অপেক্ষা বেশি। অর্থ দ্বারা যেকোনো দ্রব্য যেকোনো সময় ক্রয় করা যায়।

তাছাড়া অর্থকে যেকোনো সময় অন্য দ্রব্যে রূপান্তর করা যায়। যেকোনো প্রয়োজনে অন্য বস্তুর চেয়ে অর্থ সহজেই এবং নির্দিষ্ট বিনিময়ের মাধ্যম হিসেবে ব্যবহৃত হয় এবং এটি সর্বজনগ্রাহ্য। এটিই অর্থের তারল্য।

***সুপার টিপস্:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** বাংলাদেশ গ্রামীণ ব্যাংকের উদ্দেশ্য ব্যাখ্যা করো।

**ঘ** বাংলাদেশ গ্রামীণ ব্যাংকের ঋণদান পদ্ধতি আলোচনা করো।

### ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶৮** জামান সাহেব পেশায় ব্যবসায়ী। তিনি তার ব্যবসার মাধ্যমে অর্জিত অর্থের কিছু অংশ ভোগব্যয়ের জন্য ব্যবহার করেন এবং বাকি অংশ সঞ্চয় করেন। তিনি তার সঞ্চিত অর্থ ব্যাংকে রাখার সিদ্ধান্ত নেন। তিনি বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক সম্পর্কে খোঁজখবর নেন। ব্যাংক সম্পর্কে খোঁজ নিয়ে জানতে পারলেন যে, তিনি এসব ব্যাংক থেকে প্রয়োজনে ঋণও নিতে পারবেন। ◀ *শিখনফল-৩*

ক. ব্যাংক কী? ১
খ. ব্যাংককে 'ঋণের কারবারি' বলা হয় কেন? ২
গ. জামান সাহেব যে ধরনের ব্যাংকে হিসাব খুলতে আগ্রহী সে ব্যাংকের কার্যক্রম ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ধারণা থেকে বিভিন্ন ধরনের ব্যাংকের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶৯** কৃষি উন্নয়নের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক বা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ঋণ দানকারী একটি বৃহত্তম ও বিশেষ আর্থিক প্রতিষ্ঠান। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যেও দেশের সার্বিক কল্যাণের জন্য কৃষকদের বিভিন্ন মেয়াদি ঋণ প্রদান করে থাকেন। সর্বোপরি, গ্রামীণ অর্থনীতি তথা গ্রামীণ জনজীবনের মান উন্নয়নে কৃষি ব্যাংকের ভূমিকা অপরিসীম। ◀ *শিখনফল-৭*

ক. কৃষি ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ১
খ. কৃষি ব্যাংকের একটি গুরুত্বপূর্ণ কাজের ব্যাখ্যা দাও। ২
গ. অন্যান্য বাণিজ্যিক ব্যাংকগুলো কৃষিখাতে ঋণ প্রদান করলে ঐ ক্ষেত্রে কী প্রভাব পরতো ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশের গ্রামীণ অর্থনীতির সার্বিক উন্নয়নে এবং সেই সাথে মহাজনি শোষণ দূরীকরণে কৃষি ব্যাংকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. **পোস্টাল অর্ডার দ্বারা কোনটি করা যায়?**
ক) অর্থ স্থানান্তর খ) জমি বিক্রি
গ) সম্পদ ক্রয় ঘ) মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ

২. **সঞ্চয়ের নিরাপদ মাধ্যম কী?**
ক) বন্ড খ) শেয়ার
গ) অর্থ ঘ) সিকিউরিটি

৩. **কাগজি মুদ্রাকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক) দুই ভাগে খ) তিন ভাগে
গ) চার ভাগে ঘ) পাঁচ ভাগে

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নগুলোর উত্তর দাও।**

বিমল বাবু একজন ব্যবসায়ী। তিনি ব্যবসায়িক প্রয়োজনে একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেন। কখনো কখনো ব্যবসায়ে অধিক লাভ হলে উক্ত প্রতিষ্ঠানে আমানত হিসেবে অর্থ জমা দেন।

৪. **বিমল বাবু লেনদেনকৃত আর্থিক প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক) কেন্দ্রীয় ব্যাংক
খ) শিল্প ব্যাংক
গ) বাণিজ্যিক ব্যাংক
ঘ) ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠান

৫. **উক্ত আর্থিক প্রতিষ্ঠানের সাথে দেশের ঋণ নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের যে সাদৃশ্য তা হলো—**
i. ঋণ প্রদান করা
ii. লেনদেনের মাধ্যম সৃষ্টি করা
iii. আমানতের বিপরীতে সুদ প্রদান করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৬. **সরকারের আর্থিক উপদেষ্টা হিসাবে কোন ব্যাংক কাজ করে?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) শিল্প ব্যাংক
গ) বাণিজ্যিক ব্যাংক ঘ) গ্রামীণ ব্যাংক

৭. **নোট ও মুদ্রা প্রচলন করে কোন প্রতিষ্ঠান?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্য মন্ত্রণালয়
গ) অর্থ মন্ত্রণালয় ঘ) বাণিজ্যিক ব্যাংক

৮. **জনগণের সঞ্চিত অর্থ জমা রাখা কোন ব্যাংকের প্রধান কাজ?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) শিল্প ব্যাংক
গ) বাণিজ্যিক ব্যাংক ঘ) গ্রামীণ ব্যাংক

৯. **অছি হিসেবে বাণিজ্যিক ব্যাংক কোন কাজ করে?**
ক) শেয়ার ক্রয় করে
খ) সিকিউরিটিজ বিক্রয় করে
গ) সম্পত্তির দেখাশোনা
ঘ) সম্পত্তি বিক্রি করে দেয়

১০. **কীভাবে বিনিময় ব্যবস্থা সহজ ও গতিশীল হয়েছে?**
ক) ব্যাংক ব্যবস্থার দ্বারা
খ) লেনদেনের দ্বারা
গ) অর্থের দ্বারা
ঘ) ঋণের দ্বারা

১১. **নিকাশঘরের দায়িত্ব পালন করে কোন ব্যাংক?**
ক) কেন্দ্রীয় ব্যাংক
খ) বাণিজ্যিক ব্যাংক
গ) সরকার
ঘ) অর্থ মন্ত্রণালয়

১২. **কোন ব্যাংককে 'নিকাশঘর' বলা হয়?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক
গ) গ্রামীণ ব্যাংক ঘ) শিল্প ব্যাংক

১৩. **কবির মিয়া কৃষি ব্যাংক থেকে ঋণ নিয়ে তার ১৮ মাসের মধ্যে পরিশোধ করে। কবির মিয়ার ঋণ টি কোন ধরনের?**
ক) স্বল্পমেয়াদী খ) অতি স্বল্পমেয়াদী
গ) মধ্যম মেয়াদী ঘ) দীর্ঘমেয়াদী

১৪. **১০০ টাকার একটা প্রাইজবন্ড কোন ধরনের মুদ্রা?**
ক) কাগজি মুদ্রা খ) বিহিত মুদ্রা
গ) ব্যাংক হিসাবি মুদ্রা ঘ) ধাতব মুদ্রা

১৫. **বাংলাদেশের একশ টাকার নোট কোন ধরনের মুদ্রা?**
ক) প্রতীক নোট খ) সসীম বিহিত মুদ্রা
গ) অসীম বিহিত মুদ্রা ঘ) প্রামাণিক মুদ্রা

১৬. **কোনটি রূপান্তর যোগ্য মুদ্রা?**
ক) ১টাকা ও ২ টাকার নোট
খ) ৫০ পয়সা
গ) ৫ টাকার কয়েল
ঘ) ১০০ টাকা

১৭. **নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংক নয়?**
ক) সোনালী ব্যাংক খ) রূপালী ব্যাংক
গ) অগ্রণী ব্যাংক ঘ) বাংলাদেশ ব্যাংক

১৮. **কোনটি কেন্দ্রীয় ব্যাংকের মূল উদ্দেশ্য নয়?**
ক) নোট তৈরি খ) ঋণ নিয়ন্ত্রণ
গ) মুনাফা অর্জন ঘ) নিকাশ করা

১৯. **দেশের সর্বোচ্চ আর্থিক প্রতিষ্ঠান কোনটি?**
ক) আন্তর্জাতিক নিরাপত্তা ব্যাংক
খ) বাণিজ্যিক ব্যাংক
গ) কেন্দ্রীয় ব্যাংক
ঘ) শিল্প ব্যাংক

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

'N' ব্যাংকের পরিচালনা পর্ষদ লক্ষ করলেন যে, তাঁদের দেশে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি অথচ মাথাপিছু আয় কম। এ অবস্থায় তাঁরা দেশের অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উদ্যোগী হলেন।

২০. **'N' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
ক) বাণিজ্যিক ব্যাংক
খ) কেন্দ্রীয় ব্যাংক
গ) সরকারি ব্যাংক
ঘ) ন্যাশনাল ব্যাংক

২১. **অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় 'N' ব্যাংকের গৃহীত পদক্ষেপ হচ্ছে—**
i. দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা
ii. নোট প্রচলন করা
iii. ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. **বাংলাদেশে ১৯৮৩ সালে কোন ব্যাংক প্রতিষ্ঠিত হয়?**
ক) শিল্প ব্যাংক খ) কৃষি ব্যাংক
গ) রূপালী ব্যাংক ঘ) গ্রামীণ ব্যাংক

২৩. **অর্থের প্রথম ও প্রধান কাজ কী?**
ক) সঞ্চয়ের বাহন খ) মূল্যের পরিমাপক
গ) মূল্য স্থানান্তর ঘ) বিনিময়ের মাধ্যম

২৪. **বাণিজ্যিক ব্যাংকের দ্বিতীয় প্রধান কাজ কী?**
ক) অর্থ জমা খ) ঋণদান
গ) মুনাফা অর্জন ঘ) সিকিউরিটি

২৫. **কথায় বলে 'টাকা হলে বাঘের দুধও মেলে'। এখানে টাকা কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) অর্থ থাকলে মানুষ সাহসী হয়
খ) বাঘ টাকাকে ভয় পায়
গ) অর্থ তারল্যের মান হিসেবে কাজ করে
ঘ) টাকার ক্ষমতা

২৬. **বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য কী?**
ক) ঋণদান করা
খ) মুনাফা অর্জন করা
গ) অর্থের যোগান দেওয়া
ঘ) বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা

২৭. **বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি?**
ক) বিল বাট্টাকরণ
খ) শেয়ার অবলেখন
গ) বিনিয়োগের ওপর আয়
ঘ) ঋণের সুদ

২৮. **মিরাজ যে প্রতিষ্ঠানে নতুন চাকরিতে যোগদান করেছে সেটি জনগণের কাছ থেকে অর্থ সংগ্রহ করে ও ঋণ দেয়। মি. মিরাজের যোগদানকারী প্রতিষ্ঠানটি কোন ধরনের?**
ক) ব্যবসায় প্রতিষ্ঠান
খ) বীমা প্রতিষ্ঠান
গ) ব্যাংকিং প্রতিষ্ঠান
ঘ) মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান

২৯. **বাণিজ্যিক ব্যাংক কয় প্রকার আমানত গ্রহণ করে?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

৩০. **সঞ্চয়ী আমানতের অর্থ সপ্তাহে কতবার উঠানো যায়?**
ক) একবার খ) দুবার
গ) তিন বার ঘ) চার বার

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.** ▶ আবিদ ও আসিফ দুজনেই গত ঈদে শার্ট কিনতে গেল। আবিদ নীল রঙের এবং আসিফ সবুজ রঙের শার্ট পছন্দ করল। আবিদ এক হাজার টাকার নোটের মাধ্যমে তার শার্টটি কিনল। কিন্তু আসিফ তার শার্টটির মূল্য বাবদ এক হাজার টাকার প্রাইজবন্ড কিনে দিলে বিক্রেতা তা গ্রহণ করতে রাজি হয়নি।
ক. অর্থ কী? ১
খ. দ্রব্য বিনিময় প্রথার অসুবিধা ব্যাখ্যা করো। ২
গ. আবিদের অর্থ কোন ধরনের মুদ্রা ছিল? তার শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ৩
ঘ. আসিফ তার পছন্দের শার্টটি ক্রয়ে ব্যর্থ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ নয়ন একটি আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত। উক্ত প্রতিষ্ঠানটি বিভিন্ন প্রক্রিয়ায় জনগণ ও প্রতিষ্ঠানের নিকট থেকে আমানত সংগ্রহ করে। কিন্তু নয়নের বোন অহনা যে ব্যাংকে চাকরি করে সাধারণ জনগণ সেই ব্যাংকে হিসাব খুলতে পারে না। উক্ত ব্যাংকটির প্রধান উদ্দেশ্য হলো দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা, উন্নয়ন ও জনকল্যাণ সর্বোচ্চকরণ।
ক. সাধারণত কোন মুদ্রা সরকার কর্তৃক প্রচলিত হয়? ১
খ. অর্থকে ঋণের ভিত্তি হিসেবে গণ্য করা হয় কেন? ২
গ. নয়ন যে আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত উক্ত প্রতিষ্ঠানের আমানত গ্রহণ প্রক্রিয়া ছক আকারে লিখে বর্ণনা করো। ৩
ঘ. অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা, উন্নয়ন ও জনকল্যাণ সর্বোচ্চকরণে নয়নের বোনের চাকরিরত প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন করো। ৪

**৩.** ▶ সামিরা গত দুই বছর ধরে ১ টাকা, ২ টাকা, ৫ টাকা ও ১০ টাকার নোট ব্যক্তিগত একটি কৌটায় গচ্ছিত করে। সে পার্শ্ববর্তী দেশ ভ্রমণের জন্য টাকাগুলো নিয়ে ব্যাংকে রূপান্তর করতে গেল। কিন্ত ব্যাংক কর্মকর্তা তার কিছু টাকা ফেরত দিল এবং বাকি টাকার সমপরিমাণ ডলার প্রদান করল।
ক. কাগজি নোট কাকে বলে? ১
খ. স্থায়ী আমানত বলতে কী বোঝায়? ২
গ. সামিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারল না তা কোন প্রকার মুদ্রার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. সামিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারল পাঠ্যবইয়ের আলোকে তার প্রকৃতি বিশ্লেষণ করো। ৪

**৪.** ▶ আবুল সাহেবের 'X' ব্যাংকে একটি একাউন্ট আছে। সেখানে তিনি তার সঞ্চিত অর্থ জমা রাখেন। এই ব্যাংক আরও বহুবিধ কাজের মাধ্যমে অর্থনীতির চাকাকে গতিশীল রাখে। তবে 'X' ব্যাংককে তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করে 'Y' ব্যাংক।
ক. Barter System অর্থ কী? ১
খ. নিকাশঘর বলতে কী বোঝ? ২
গ. 'X' ব্যাংকটি অর্থনীতির চাকাকে গতিশীল রাখে' ব্যাখ্যা করো। ৩
ঘ. 'Y' ব্যাংক 'X' ব্যাংককে তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করে— নিয়ন্ত্রণ কৌশলগুলো বর্ণনা করো। ৪

**৫.** ▶ যাহা করে বিনিময় ও মূল্য পরিমাপ
ঋণ পরিশোধ ও সঞ্চয় সাধন
অর্থ বলি গণ্য তারে করে সর্বজন।
ক. প্রতীক মুদ্রা কী? ১
খ. ব্যাংক হিসাব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত অর্থের প্রধান ও প্রথম দুটি কাজের প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে অর্থের অন্যান্য গুরুত্বপূর্ণ কাজের বিবরণ দাও। ৪

**৬.** ▶ করিমের ১০ কেজি চাউল আছে। কিন্তু তাঁর প্রয়োজন একটি লুঙ্গির। অন্যদিকে, মদন তাঁতি শাড়ি বুঁনে। করিম ১০ কেজি চাউল নিয়ে মদন তাঁতির নিকট শাড়ি নিতে গেলে মদন তাঁতি বলে যে, তাঁর চাউল নয়, দরকার ময়দার।
ক. বিহিত অর্থ কাকে বলে? ১
খ. ধাতব মুদ্রাকে কয়ভাগে ভাগ করা যায়? ব্যাখ্যা করো। ২
গ. করিম তাঁতির কাছে গিয়ে লুঙ্গি নিতে না পারার বিষয়টি বিনিময় প্রথার কোন অসুবিধার সাথে সঙ্গতিপূর্ণ? ৩
ঘ. অর্থ কীভাবে উদ্দীপকে উল্লিখিত সমস্যার সমাধান করে তা ব্যাখ্যা করো। ৪

**৭.** ▶ পত্রিকার একটি খবর পড়ে তুহিন অবাক হয়। খবর পড়ে সে জানতে পারে, পূবালী ব্যাংক লি. বরিশাল জেলার গৌরনদী উপজেলার গরিব, অসহায় ও দুঃস্থ লোকদের মধ্যে রিকশা ও ভ্যান প্রদান করছে।
ক. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী? ১
খ. বিহিত মুদ্রা কাকে বলে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ঘটনাটি বাণিজ্যিক ব্যাংকের কোন ধরনের কাজকে প্রতিফলিত করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আমাদের দারিদ্র্য বিমোচনে এ ধরনের কাজ কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**৮.** ▶ রাহুল কোনো কিছু বন্ধক না রেখে একটি ব্যাংক থেকে ঋণ নিয়ে গরুর খামার গড়ে তোলে। এতে তার পারিবারিক সচ্ছলতা ফিরে আসে।
ক. বিহিত মুদ্রা বলতে কী বোঝ? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ ঋণদাতা বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. রাহুলের ঋণপ্রস্তাবকারী ব্যাংকের কার্যাবলি ব্যাখ্যা করো। ৩
ঘ. উল্লিখিত ব্যাংকটি আমাদের অর্থনীতিতে কী ভূমিকা রাখে? ব্যাখ্যা করো। ৪

**৯.** ▶ আলম সাহেব গ্রামের বেকার যুবক-যুবতীদের নিয়ে একটি মুরগির খামার গড়ে তোলেন। অন্যদিকে, মনি ও সনি একটি পরিত্যক্ত জলাশয় সংস্কার করে মৎস্য খামার গড়ে তোলে কৃষি ব্যাংকের ঋণ দিয়ে। উভয়েই উৎপাদিত দ্রব্য বিক্রি করে নিজেদের অভাব লাঘবের পাশাপাশি দেশের অর্থনীতিতেও গুরুত্বপূর্ণ অবদান রাখছে।
ক. বাংলাদেশের কৃষিতে কোন পদ্ধতির চাষাবাদ প্রচলিত? ১
খ. কৃষিতে আধুনিক প্রযুক্তি বলতে কী বোঝ? ২
গ. মনি ও সনির ঋণদানে কৃষি ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উভয়ের উদ্যোগ দেশের অর্থনৈতিক উন্নয়নে কীরূপ ভূমিকা রাখছে? বিশ্লেষণ করো। ৪

**১০.** ▶ সাহানা বেগম গ্রামীণ ব্যাংক থেকে কোনো প্রকার জামানত ছাড়া ঋণ গ্রহণ করে একটি ব্যবসা শুরু করেন। সে ব্যবসায় ক্রমান্বয়ে উন্নতি লাভ করে। পরবর্তীতে সে গ্রামীণ ব্যাংকের পাওনা পরিশোধ করে দেয়। বর্তমানে তার ব্যবসায়ের পরিধি অনেক বিস্তৃত হয়েছে। সে সিদ্ধান্ত নিয়েছে তার ব্যবসায় সম্প্রসারণের জন্য শিল্প ব্যাংক থেকে ঋণ নেবে।
ক. গ্রামীণ ব্যাংক কী? ১
খ. গ্রামীণ ব্যাংকের যেকোনো একটি কাজের ব্যাখ্যা দাও। ২
গ. সাহানা বেগম যে ব্যাংক থেকে ঋণ নিতে আগ্রহী সে ব্যাংকটির ঋণদান প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩
ঘ. সাহানা বেগম পরবর্তীতে যে ব্যাংক থেকে ঋণ নিতে আগ্রহী সে ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

**১১.** ▶ নোট ও মুদ্রা প্রচলন → সরকারের ব্যাংক → [A] → ঋণ নিয়ন্ত্রণ → [B] → বিনিময় হার নির্ধারণ ও নিয়ন্ত্রণ → [C]
ক. রেমিট্যান্স কী? ১
খ. উদাহরণসহ বিহিত মুদ্রা কী? ব্যাখ্যা করো। ২
গ. উপরোক্ত তথ্যগুলো কিসের? A, B ও C এর বর্ণনা করো। ৩
ঘ. উপরোক্ত তথ্যগুলো দ্বারা কোন প্রতিষ্ঠানকে বুঝানো হয়েছে দেশের অর্থনৈতিক উন্নয়নে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা বর্ণনা করো। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |